গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moysports.gov.bd

# ২০২৫-২৬ অর্থবছরে আরএডিপি-তে অন্তর্ভুক্ত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অননুমোদিত নতুন প্রকল্পসমূহের সর্বশেষ অগ্রগতি

**(তারিখ: ১৭.০২.২০২৬)**

| ক্র.নং | প্রকল্পের নাম, মেয়াদ ও প্রাক্কলিত ব্যয় | অগ্রগতি |
|---|---|---|
| **(ঘ) যুব উন্নয়ন অধিদপ্তর:** | | |
| ০১ | যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্প (২য় পর্যায়)<br><br>মেয়াদ: জানুয়ারি ২০২৫ - ডিসেম্বর ২০২৭<br>প্রাক্কলিত ব্যয়: ১৯১৪৮.০০ লক্ষ টাকা<br>বাস্তবায়নকারী সংস্থা: **যুব উন্নয়ন অধিদপ্তর** | প্রকল্পটি বর্তমান অর্থবছরের আরএডিপি'র সবুজ পাতায় অন্তর্ভুক্ত আছে। এ প্রকল্পের উপর গত ০৪ ডিসেম্বর ২০২৪ তারিখে এ মন্ত্রণালয়ে 'প্রকল্প যাচাই কমিটি'র সভা অনুষ্ঠিত হয়। প্রকল্পটি ২০২৫-২৬ অর্থবছরের এডিপি'তে 'সবুজ পাতায়' অন্তর্ভুক্ত আছে। প্রকল্পের ডিপিপি এ মন্ত্রণালয় হতে গত ১১-১২-২০২৫ তারিখে পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগে প্রেরণ করা হয়েছে। উক্ত বিভাগ হতে প্রকল্পের ডিপিপি পরীক্ষান্তে ডিপিপি'র কিছু ক্রুটি-বিচ্যুতিসমূহ সংশোধনের জন্য মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছে। ত্রুটি বিচ্যুতির মধ্যে ২ (খ) এ জনবল নির্ধারণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটির সুপারিশ গ্রহণের কথা উল্লেখ করা হয়েছে। ইতোমধ্যে জনবল নির্ধারণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটির সুপারিশ এর জন্য অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ত্রুটি বিচ্যুতির মধ্যে ২(ঙ) এ উল্লেখ রয়েছে প্রকল্পের নির্দেশিকার ১.১.২ অনুযায়ী সম্ভাব্যতা সমীক্ষা করা হয়নি মর্মে প্রতীয়মান হয়। সম্ভাব্যতা সমীক্ষা প্রেরিত ডিপিপিতে সংযুক্ত ছিল। |
| ০২ | শারীরিক ও মানসিকভাবে অক্ষম নাগরিকদের সেবা প্রদানের জন্য কেয়ারগিভার তৈরি<br><br>মেয়াদ: জুলাই ২০২৫ - জুন ২০২৭<br>প্রাক্কলিত ব্যয়: ৪৮৯০.০০ লক্ষ টাকা<br>বাস্তবায়নকারী সংস্থা: **যুব উন্নয়ন অধিদপ্তর** | প্রকল্পটি বর্তমান অর্থবছরের আরএডিপি'র সবুজ পাতায় অন্তর্ভুক্ত আছে। এ প্রকল্পের উপর গত ০৪ ডিসেম্বর ২০২৪ তারিখে 'প্রকল্প যাচাই কমিটি'র সভা অনুষ্ঠিত হয়। প্রকল্পের ডিপিপি এ মন্ত্রণালয় হতে পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগে গত ০৯-১১-২০২৫ তারিখে প্রেরণ করা হয়। উক্ত বিভাগ হতে প্রকল্পের ডিপিপি পরীক্ষান্তে ডিপিপি'র কিছু ক্রুটি-বিচ্যুতিসমূহ সংশোধনের জন্য মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছে। ইতোমধ্যে জনবল নির্ধারণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটির সুপারিশ এর জন্য অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। জনবলের মিটিং এর কার্যবিবরণী পাওয়ার পর ডিপিপি পুনর্গঠন সম্পন্ন হবে। |
| ০৩ | কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায় প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ প্রকল্প (২য় পর্ব)<br><br>মেয়াদ: জানুয়ারি ২০২৫ -ডিসেম্বর ২০২৭<br>প্রাক্কলিত ব্যয়: ৩১০১৯.০০ লক্ষ টাকা<br>বাস্তবায়নকারী সংস্থা: **যুব উন্নয়ন অধিদপ্তর** | প্রকল্পটি বর্তমান অর্থবছরের আরএডিপি'র সবুজপাতায় অন্তর্ভুক্ত আছে। প্রকল্পের ওপর গত ১২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে 'প্রকল্প মূল্যায়ন কমিটি' (পিইসি) সভা অনুষ্ঠিত হয়। পিইসি সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করে এ মন্ত্রণালয় হতে পরিকল্পনা কমিশনে গত ২১-১০-২০২৫ তারিখে প্রেরণ করা হয়। পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ কর্তৃক প্রকল্পের ডিপিপি পরীক্ষান্তে কিছু পর্যবেক্ষণের আলোকে ডিপিপি পুনর্গঠনের জন্য পুনরায় অনুরোধ জানানো হয়। সে আলোকে প্রকল্পটির ডিপিপি পুনর্গঠন করে যুব উন্নয়ন অধিদপ্তর হতে মন্ত্রণালয়ে গত ০৭-০১-২০২৬ তারিখে প্রেরণ করা হয়েছে। উক্ত পুনর্গঠিত পরিকল্পনা কমিশনে প্রেরণের নিমিত্ত নথি উপস্থাপন করা হয়েছে। |
| ০৪ | দিনাজপুর ও জামালপুর যুব প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ ভবন নির্মাণ<br><br>মেয়াদ: জুলাই ২০২৫- জুন ২০২৭<br>প্রাক্কলিত ব্যয়: ১৯২০.০০ লক্ষ টাকা<br>বাস্তবায়নকারী সংস্থা: **যুব উন্নয়ন অধিদপ্তর** | প্রকল্পের যাচাই সভা হয়নি। প্রকল্পের ৮ জন জনবল এবং ১টি মাইক্রোবাস হায়ারিং এ অর্থ বিভাগের সম্মতি প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর হতে ০৪-০৯-২০২৫ তারিখে এ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। দিনাজপুর ও জামালপুর যুব প্রশিক্ষণ কেন্দ্রে দীর্ঘদিন র‍্যাব কার্যালয় থাকায় প্রশিক্ষণ কার্যক্রমে ব্যাঘাত ঘটছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে একাধিকবার পত্র প্রদান করা হলেও র‍্যাব কার্যালয় অন্যত্র স্থানান্তরের কোন উদ্যোগ গ্রহণ করা হয়নি। মন্ত্রণালয় হতে স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবরে ডি.ও পত্র ১৮-০৯-২০২৫ তারিখে প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি প্রক্রিয়াকরণের জন্য যাচাই সভা আহবান এবং দিনাজপুর ও জামালপুর যুব প্রশিক্ষণ কেন্দ্র হতে র‍্যাব কার্যালয় দ্রুত স্থানান্তরের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে যোগাযোগের জন্য ০২-১১-২০২৫ তারিখের সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্পের উপর যাচাই সভা গত ২৬/১১/২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে। উক্ত যাচাই সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠন যুব উন্নয়ন অধিদপ্তরে চলমান রয়েছে। |
| ০৫ | কর্মপ্রত্যাশী যুবদের মোবাইল সার্ভিসিং এর মাধ্যমে উদ্যোক্তা তৈরি<br>মেয়াদ: জানুয়ারি ২০২৫ হতে ডিসেম্বর ২০২৭<br>প্রাক্কলিত ব্যয়: ৫০৬০৭.৪২ লক্ষ টাকা<br>বাস্তবায়নকারী সংস্থা: **যুব উন্নয়ন অধিদপ্তর** | প্রকল্পটি বর্তমান অর্থবছরের আরএডিপি'র সবুজপাতায় অন্তর্ভুক্ত আছে। প্রকল্পের 'প্রকল্প যাচাই কমিটি'র সভা গত ২২-০৬-২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত যাচাই সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ডিপিপি পুনর্গঠন কার্যক্রম যুব উন্নয়ন অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে। |
| ০৬ | জুলাই ২০২৪ গণঅভ্যুত্থানে আহত ও শহিদ পরিবারের সদস্যদের আর্থ-সামাজিক অবস্থা সুদৃঢ়করণে প্রশিক্ষণের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃজন<br><br>মেয়াদ: জুলাই ২০২৫ – জুন ২০২৮<br>প্রাক্কলিত ব্যয়: ৫৪৩২২.০০ লক্ষ টাকা<br>বাস্তবায়নকারী সংস্থা: **যুব উন্নয়ন অধিদপ্তর** | প্রকল্পটি বর্তমান অর্থবছরের আরএডিপি'র সবুজ পাতায় অন্তর্ভুক্ত আছে। যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি ১৮/০৯/২০২৫ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করেছে। পুনর্গঠিত ডিপিপিতে বাজার দর কমিটি কর্তৃক কম্পিউটার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ও সরঞ্জামাদির নির্ধারিত ব্যয় অন্তর্ভুক্ত করে ১৩/১০/২০২৫ তারিখে আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের ২৭-১০-২০২৫ তারিখের পত্রে উল্লিখিত পর্যবেক্ষণের আলোকে আহত জুলাইযোদ্ধা ও শহিদ পরিবারের সদস্যদের পছন্দ অনুযায়ী প্রশিক্ষণ ও পুনর্বাসনের জন্য ৩৮ টি জেলার ৩০১৩ জনের তথ্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে পাওয়া গিয়েছে। |

১৭.০২.২৬

মোঃ শওকত আলী
সহকারী পরিচালক (পরিকল্পনা)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।